দৈনিক সংবাদ

তারিখ ... FEB..5 .. 1999 ..
পৃষ্ঠা ৭ কলাম ৫ ......

61

# কুমিল্লা বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সচিবসহ ৩ জনের বিরুদ্ধে দুর্নীতির মামলা

॥ নূরুর রহমান ॥

কুমিল্লা ঃ কর্মচারী নিয়োগে দুর্নীতি, স্বজনপ্রীতি ও সরকারি বিধি বিধান না মেনে সরকারের ৭ লাখ ৩৪ হাজার ৫শ' ৮০ টাকা আত্মসাতের অভিযোগে কুমিল্লা শিক্ষা বোর্ডের প্রাক্তন চেয়ারম্যান, সচিবসহ ৩ জনের বিরুদ্ধে দুর্নীতি দমন ব্যুরো মামলা দায়ের করেছে।

জেলা দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক কাজি শামসুল ইসলাম বাদি হয়ে বাংলাদেশ দন্ডবিধির ৪১৮/৪০৯/১০৯ ও ১৯৪৭ সালের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫

মামলা ঃ পৃঃ ১১ কঃ ৫

## মামলা ঃ দুর্নীতির

( ১ম পৃষ্ঠার পর )

(২) ধারায় গতকাল বুধবার কোতোয়ালি থানায় মামলা দায়ের করেন। মামলার এজাহারে কুমিল্লা শিক্ষা বোর্ডের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর মোঃ আবদুল মজিদ, প্রাক্তন সচিব প্রফেসর কাজি হারুনুল হক ও অবসরপ্রাপ্ত উপ-সচিব (কমন) মোঃ গোলাম মাহফুজকে আসামি করা হয়েছে।

মামলার এজাহারে বলা হয়, এসএসসি ও এইচএসসির সনদপত্র লেখার জন্য ৭৫ জনকে দৈনিক ৭০ টাকা মজুরি ভিত্তিতে নিয়োগ দেয়া হয়। এই নিয়োগ দেয়ার জন্য কোন যাচাই-বাছাই বা নির্বাচনী কমিটি গঠন করা হয়নি। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধিবিধানও অনুসরণ করা হয়নি। অদক্ষ এই ৭৫ জনকে নিয়োগ দিয়ে সরকারের ৭ লাখ ৩৪ হাজার ৫শ' ৮০ টাকা ক্ষতিসাধন করে আত্মসাৎ করা হয়।

এজাহারে উল্লেখ করা হয়, নিয়োগপ্রাপ্তদের হাতের লেখা সুন্দর ছিল না, যদিও সুন্দর হাতের লেখা নিয়োগের পূর্বশর্ত ছিল। হাতের লেখা সুন্দর না হওয়ার কারণে তারা লিখতে গিয়ে ১৮৪টি সার্টিফিকেট ফরম নষ্ট করে ফেলে। এছাড়া নিয়োগপ্রাপ্ত ১৬ জনকে কোন কাজ ছাড়াই বেতন দেয়া হয়েছে।